দৈনিক সংবাদ
তারিখ ...08 DEC 1991
পৃষ্ঠা ...১২... কলাম ...৬

৭০
৪৩

শিবিরের সন্ত্রাস

# চট্টগ্রাম ভার্সিটিতে অচলাবস্থা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৭ই ডিসেম্বর।-ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মী ও সিরাজুস সালেহীন বাহিনীর সদস্যরা ক্যাম্পাস ও হলসমূহ দখল করে রাখায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মারাত্মক অচলাবস্থা বিরাজ করছে। একাডেমিক ও প্রশাসনিক সকল কাজকর্ম বন্ধ রয়েছে। সর্বদলীয় ছাত্রঐক্য আহূত ধর্মঘটের আজ ত্রয়োদশ দিবস পার হয়েছে। শিক্ষকরাও আজ নবম দিনের মত ক্লাস গ্রহণ থেকে বিরত রয়েছেন। শিবিরের অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদে এই কর্মসূচী পালন করা হচ্ছে।

উপাচার্য আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন তার ক্যাম্পাসস্থ বাসভবনে সপরিবারে মাসাধিককাল ধরে অন্তরীণ রয়েছেন। শিবিরকর্মীরা ভবনের টেলিফোন লাইন বিচ্ছিন্ন করে ফেলেছে এবং তার গতিবিধির ওপর বিধিনিষেধ আরোপ করেছে। শিবিরের সন্ত্রাসী তৎপরতার কারণে বিশ্ব-বিদ্যালয়ে কোন বাস ও ট্রেন যাচ্ছে না।

এ দিকে আগামীকাল রোববারের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে শিবিরের সন্ত্রাসীদের কবল থেকে মুক্ত করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনা না হলে শিক্ষক সমিতি পরবর্তী বৃহত্তর কর্মসূচী ঘোষণা করবেন বলে জানিয়েছেন। সমিতি বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আগামীকাল বিকেল ৫টায় শহরে বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সাংবাদিক সম্মেলন ডেকেছে।

## সন্ত্রাস প্রতিরোধ নাগরিক কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সন্ত্রাস প্রতিরোধ নাগরিক কমিটির এক সভায় আজ বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। কমিটির যুগ্ম আহ্বায়ক আখতার-উন-নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আগামী ১১ই ডিসেম্বর লালদীঘি মাঠে জনসভা অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় চট্টগ্রাম পেশাজীবী সমন্বয় পরিষদের সদস্য-সচিব এডভোকেট ইব্রাহিম হোসেন বাবুল, আওয়ামী লীগ নেতা খোরশেদ আলম সুজন, জাসদ নেতা আবু তাহের চৌধুরী, বাসদের মোহাম্মদ তসলিম, শ্রমিক লীগের শফর আলী, ছাত্র নেতা আজম নাসির উদ্দিন, আলতাফ হোসেন বাচ্চু প্রমুখ উপস্থিত ছিলেন।

## সর্বদলীয় ছাত্রঐক্য

সর্বদলীয় ছাত্রঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা বিশ্ববিদ্যালয়ে লাগাতার ছাত্র ধর্মঘট অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস প্রতিরোধে নাগরিক কমিটি গঠন করায় অভিনন্দন জানিয়ে চট্টগ্রামের সকল মহলের ব্যক্তিবর্গকে সন্ত্রাস প্রতিরোধ আন্দোলনে সার্বিক সহযোগিতার আহ্বান জানিয়েছে।

আজ সন্ধ্যায় ছাত্রফ্রন্ট কার্যালয়ে জয়জিত বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ আহ্বান জানানো হয়।